



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ আগস্ট' ২০২৩ খ্রি।

দ্রুততম সময়ে নগরীকে স্বাভাবিক করতে কাজ চলছে: মেয়র রেজাউল

দ্রুততম সময়ে নগরীর যোগাযোগ ব্যবস্থাকে স্বাভাবিক করতে কাউন্সিল ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মীদের সমন্বয়ে কাজ চলছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার বহুদারহাটের হক মার্কেট প্রাঙ্গণে চট্টগ্রাম মহানগর যুবলীগ নেতা মোহাম্মদ সোহেলের উদ্যাগে রেকর্ড বৃষ্টিতে গৃহবন্দি ৩০০ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ মন্তব্য করেন।

মেয়র রেজাউল বলেন, করোনা মহামারীর সময় যেভাবে সবাইকে সাথে নিয়ে ঝাপিয়ে পড়েছি সেভাবে এবারও কাউন্সিলরদের সাথে নিয়ে পানিতে গৃহবন্দি হওয়া মানুষদের বাসায় ত্রাণ পৌছে দিচ্ছি।

“পিচ্চালা রাত্তার সবচেয়ে বড় শক্র জমে থাকা পানি। প্রবল বর্ষণে নগরীর প্রচুর রাস্তার ক্ষয়ক্ষতি হয়েছে। ইতোমধ্যে ক্ষতিগ্রস্ত রাস্তার জরিপ সম্পন্ন করে বুধবার থেকে একমাসের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় ফেরাতে সড়ক সংস্কারের কাজ শুরু হয়েছে। শীত্রই আমরা চট্টগ্রামের অন্যান্য সংস্থাগুলোর সাথে বসে চট্টগ্রামের জলাবন্ধতার স্থায়ী সমাধানে করণীয় নির্ধারণ করব।”

চট্টগ্রামে গত ৩০ বছরের মধ্যে এবার রেকর্ড সর্বোচ্চ বৃষ্টিতে সৃষ্টি জলাবন্ধতায় ভোগা নাগরিকদের মাঝে রোববার থেকে মেয়র রেজাউলের পক্ষে ত্রাণ বিতরণ করছেন কাউন্সিলরা। এছাড়া চসিকের পক্ষ থেকে প্রত্যেক কাউন্সিলরকে ত্রাণ বরাদ্দ দেয়া হয়েছে যা থেকে কাউন্সিলরা জলাবন্ধতায় সক্ষতে থাকা নাগরিকদের ত্রাণ পৌছে দিচ্ছেন।

৪ নং চান্দগাঁও ওয়ার্ডে ত্রাণ বিতরণ কার্যক্রমে আরো উপস্থিতি ছিলেন ওয়ার্ড কাউন্সিলর এসরারুল হক, লায়ন এম আশরাফুল আলমসহ স্থানীয় এলাকাবাসী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮